**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-০৫ শাখা
www.mowr.gov.bd

স্মারক নং-৪২.০০.০০০০.০৩৮.১৮.০৫২.১৭-৪০৫

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৫ / ২০ নভেম্বর ২০১৮

বিষয়ঃ 'সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP) কর্তৃক অনুমোদন।

সূত্রঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর স্মারক নং-২৪৬-অমপ (পঃরিঃ)/বাপাউবো, তারিখঃ ২৩.০৯.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণের মাধ্যমে ক্রয় প্রস্তাবের বিষয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) গত ২৪ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

বিবেচ্য ক্রয়ে প্রচলিত আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে বিধায় পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর অধীন বাস্তবায়তব্য "সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণের মাধ্যমে ৩৪.০৯৭৫ কিলোমিটার নদীর তীর সংরক্ষণ কাজ সম্পাদনের জন্য নিযুক্ত প্রতিষ্ঠান খুলনা শিপইয়ার্ড লিমিটেড-এর অনুকূলে নেগোসিয়েটেড মূল্য সর্বমোট ৪৪৭,৫৩,৯৪,৬১৭.৬৭ (চারশত সাতচল্লিশ কোটি তিপ্পান্ন লক্ষ চুরানব্বই হাজার ছয়শত সতের দশমিক ছয়-সাত) টাকার (ভ্যাট ও ট্যাক্সসহ) ক্রয় প্রস্তাব অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতভাবে সুপারিশ করা হল।"

০২। এ অবস্থায়, "সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের ওপর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) সভায় গৃহীত উপর্যুক্ত সিদ্ধান্তের বিষয়ে নিম্নোক্ত শর্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

(ক) কার্য বিধিমালা ১৯৯৬ এর ২৩ (৪) নং বিধি অনুসরণ করতে হবে; এবং

(খ) উক্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের তৃতীয় সপ্তাহের শেষ কার্যদিবসে একবার মন্ত্রণালয়ের উন্নয়ন শাখা-৫ এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রকল্প পরিচালকের দপ্তর ... সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) ...
নং ৩৯৪
তাং 22/11/18

২০/১১/১৮


(মোঃ মাহমুদ হাসান)
উপসচিব
☎: ৯৫৪০৯৩১
e-mail: mowrdevelopment5@gmail.com


মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি), খুলনা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ড. জিয়া উদ্দীন বেগ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন (২য় পর্যায়)" ৯৬০/১, আউটার সার্কুলার রোড (১ম তলা), রাজারবাগ, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

EE-1/2/3
22/11/18